# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

**BENGALI**

**26 July 2026** **7:45 PM IST**

================================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কী বাতের মাধ্যমে কার্গিল বিজয় দিবসের সাহসী জোয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন ।

২) কার্গিল বিজয় দিবস উপলক্ষে সমগ্র দেশে আজ বীর জোয়ানদের স্মরণ , শ্রদ্ধা জ্ঞাপন ।

৩) আসামের বন্যা পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সংগে আলোচনা ।

৪) উধারবন্দের পানগ্রামের কে ডি রড ইন্ডস্ট্রিতে এল পি জি বিস্ফোরণে ৪ জন শ্রমিক নিহত / রাজ্য সরকারের নিহতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ প্রদান ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে কার্গিল বিজয় দিবস উপলক্ষে দেশের সাহসী সৈনিকদের স্মরণ করেন । তিনি বলেন যে কার্গিল বিজয় দিবস উদযাপন করার জন্যই ২৬ শে জুলাই দিনটি মনে রাখতে দিনপঞ্জীর প্রয়োজন হয়না ।শ্রীমোদী বলেন যে এই দিনটি সকলের মনে গৌরব ভাবনায় ভরিয়ে

তুলে জনসাধারণকে দেশের বীর সৈনিকদের অসীম সাহসের বিষয়ে স্মরণ করিয়ে দেয় । শ্রীমোদী সকলকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে ও নিরাপদ , সামর্থবান ও আত্মনির্ভর ভারত গঢার সংকল্প সুদৃঢ করতে আহ্বান জানান ।

দেশে অবিরত প্রযুক্তিগত সামর্থ বৃদ্ধি হয়ে আসছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে সম্প্রতি আই এন এস মহেন্দ্রগিরি নামের দেশে নির্মিত একটি অত্যাধুনিক যুদ্ধজাহাজ নৌসেনাতে অর্ন্তভুক্ত করা হয়েছে । জাহাজে ব্যবহৃত ৭৫ শতাংশের ও বেশী সামগ্রী স্বদেশী বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন । প্রধানমন্ত্রী জাহাজটিকে আত্মনির্ভর ভারতের বর্ধিত শক্তির প্রতীক বলে অভিহিত করেন । প্রধানমন্ত্রী গত রবিবার বিক্রম ওয়ান রকেটের সফল উৎক্ষেপন নিয়ে ও সন্তুষ্টি প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী কেচ দ্য রেইন অভিযানের কথা উল্লেখ করে বলেন যে এই বিশেষ রাষ্ট্রব্যাপী অভিযান চৌঠা জুলাই থেকে চলে আসছে । এই অভিযানের দ্বারা বৃষ্টির জল সংরক্ষণ , ভূগর্ভের জল পুনরায় আহরণ , পুরোনো জলস্তর পুনরায় উদ্ধার তথা চারাগাছ রোপন কার্যসূচীকে নতুন গতি প্রদান করা হয়েছে ।শ্রী মোদী গ্রাম বা শহর , পঞ্চায়েত অথবা সামাজিক সংস্থাগুলি সহ সবকিছুতে জনসাধারণের ব্যাপক অংশ গ্রহণ নিয়ে সন্তোষ প্রকাশ করেন ।

শ্রীমোদী বলেন যে কিছুদিন আগে গ্লাসগোতে আরম্ভ হোয়া কমনওয়েলথ গেমসে অংশ গ্রহণ করা এথলিটদের প্রত্যেক ভারতীয় শুভেচ্ছা জানিয়ে প্রত্যেক খেলোয়ার প্রতিযোগিতায় ভালো প্রদর্শন করবে বলে দেশবাসী আশা প্রকাশ করেন । সম্প্রতি ক্রীড়া ক্ষেত্রে ভারতের যুবক যুবতীদের উল্লেখযোগ্য সাফল্য লাভ করা নিয়ে গর্ব

প্রকাশ করে শ্রী মোদী বলেন যে পি ভি সিন্ধু হচ্ছে জাপান ওপেনের খেতাপ দখল করা প্রথম ভারতীয় বেডমিন্টন খেলোয়ার ।ভারতীয় মহিলা ক্রিকেট দলের ও লন্ডনের লর্ডসে অনুষ্ঠিত টেষ্ট ক্রিকেটে জয়লাভ করার কথা প্রকাশ করে প্রধানমন্ত্রী এই জয়কে ঐতিহাসিক বলে অভিহিত করেন ।

শ্রীমোদী সায়েন্স অলিমপিয়াডের কথা প্রকাশ করে বলেন যে এই অলিম্পিয়াডে বহু সংখ্যক ছাত্র ছাত্রী অংশ গ্রহণ করেছে । তিনি বলেন যে দেশ আগামী ৭ ই আগষ্ট হস্ততাত দিবস উদযাপন করবে । প্রধানমন্ত্রী হাতে তৈরী সামগ্রীর ব্যবহারের মাধ্যমে বয়নশিল্পীদের উৎসাহিত করা সহ ভকেল ফর লোকেল ধারণাকে অধিক শক্তিশালী করে তুলতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

শ্রীমোদী ১৫ ই আগষ্ট উদযাপন করতে যাওয়া স্বাধীনতা দিবসের কথা উল্লেখ করে বলেন যে এই দিনটিতে দেশের স্বাধীনতার জন্য সবোচ্চ ত্যাগ করা সহস্র বীরকে স্মরণ করা হয় । তিনি বলেন গত বছরগুলিতে হর ঘর ত্রিরংগা অভিযানে সমগ্র দেশ একত্রিত হয়েছিল । তিনি জনসাধারণকে ১৫ ই আগষ্টের আগে মাই গভট ওপেন ফরামে তাদের নতুন নতুন ধরণা ও পরামর্শ প্রদান করতে আহ্বান জানান ।

---

১৯৯৯ সালে কার্গিল যুদ্ধে প্রাণ আহুতি দেওয়া ভারতীয় সৈনিকদের অসীম বীরত্বের প্রতি সম্মান জানিয়ে সমগ্র দেশে আজ ২৭ তম কার্গিল বিজয় দিবস পালন করা হয়েছে । এই অভিযানের সময়

ভারতীয় সশস্ত্র বাহিনী পাকিস্তানী সৈনিক ও সন্ত্রাসবাদীদের অনুপ্রবেশ করা জম্মু কাশ্মীরের কার্গিল ভূখন্ডকে নিজেদের নিয়ন্ত্রণে এনেছিল ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ কার্গিল বিজয় দিবস উপলক্ষে দেশের জন্য বলিদান দেওয়া সাহসী জোয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন যে কার্গিল বিজয় দিবস হচ্ছে ভারতীয় সেনার অদম্য সাহস ও বীরত্বের প্রতীক । তিনি বলেন যে ১৯৯৯ সালে হিমালয়ের বরফাবৃত্ত পর্বতের সুউচ্চ স্থানে শত্রু পক্ষের অবস্থান ও প্রতিকূল পরিস্থিতির মধ্যে ভারতের সাহসী জোয়ানরা অপারেশন বিজয়ের মাধ্যমে শত্রুকে নিশ্চিহ্ন করতে সমর্থ হয়েছিল ।

---

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য কার্গিল বিজয় দিবস উপলক্ষে দীঘলীপুখুরীর যুদ্ধ স্মারকে বীর জওয়ানদের স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন ।রাজ্যপাল শ্রী আচার্য বলেন যে কার্গিল বিজয় দিবস ভারতীয় সেনা জওয়ানদের অতুলনীয় সাহস , ত্যাগ ও অদম্য উৎসাহকে প্রতিফলিত করে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা কার্গিল বিজয় দিবস উপলক্ষে ২৭ বছর পূর্বে দেশের সুরক্ষার জন্য নিজেদের প্রাণ আহুতি দেওয়া বীর জওয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে এই দিনটি শুধুমাত্র সামরিক বিজয়ের স্মৃতি নয় ,এটি সেনা বাহিনীর অতুলনীয় সাহস অদম্য সংকল্প এবং সর্ব্বোচ্চ ত্যাগকে

প্রতিফলিত করে ।রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ এই দিবস উপলক্ষে শহিদদের স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয় ।

.........................................................................................................

আসাম রাইফেলসের পক্ষ থেকে আজ শ্রীকোনায় ১৯৯৯ সালে কার্গিল যুদ্ধে দেশের জন্য সর্বোচ্চ আত্মত্যাগকারী বীর সেনানীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । এ উপলক্ষ্যে শ্রীকোনায় রাণ ফর ইউনিটি-র আয়োজন করা হয়েছে । এছাড়া বড়বেকরায় শিশুদের জন্য কার্গিল বিজয় দিবস উপলক্ষ্যে অংকন প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । এই প্রতিযোগীতার মাধ্যমে শিশুদের মধ্যে দেশপ্রেম , আত্ম বলিদান এবং সশস্ত্র বাহিনীর প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তোলার বার্তা দেওয়া হয়েছে । আজকের অনুষ্ঠানে কার্গিল যূদ্ধে শহীদদের পরিবারের সদস্যদের সংবর্ধনা জানানো হয়েছে ।

.........................................................................................................

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর ভ্যালী ভিউ-এর উদ্যোগে ও আজ জারইলতলায় কার্গিল বিজয় দিবস পালন করা হয়েছে । সকালে ক্লাবের পক্ষ থেকে জারইলতলায় শহীদ চিন্ময় ভৌমিকের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে তারাপুর ই এন্ড ডি কলোনীর কার্গিল শহীদ স্মারকে ক্লাবের পক্ষে সঞ্জীব রাই , বন্দিতা ত্রিবেদী প্রমূখ শ্রদ্ধা জানান ।

.........................................................................................................

রাজ্যের বন্যা পরিস্থিতি সামান্য উন্নত হয়েছে তবে শিবসাগর , চরাইদেও ও যোরহাট জেলার ৫০০ ’র বেশী গ্রাম এখনো বন্যার

কবলে রয়েছে । রাজ্যের ১০ টি জেলার মোট ৮১০ টি গ্রাম বন্যার কবলে পরেছে ।এবারের বন্যায় ৬ লক্ষ ৫৪ হাজারেরও বেশী লোক ক্ষতিগ্রস্থ হয়েছেন ।বন্যার ফলে গতকাল আরও চারজনের মৃত্যু হওয়ায় এবারের বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৬৬ ।আসাম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সূত্র অণুযায়ি এবারের বন্যায় ৩৪ হাজার ৯৭০ হেক্টরেরও বেশী কৃষিজমি বন্যায় প্লাবিত হয়েছে ।বন্যা প্রভাবিত অঞ্চলগুলোতে ত্রাণ ও উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোন যোগে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের সঙ্গে রাজ্যের বন্যা পরিস্থিতির বিস্তারিত খোঁজখবর নেন ।কেন্দ্রীয় সরকারের আন্তঃমন্ত্রনালয়ের একটি দল রাজ্যে উপস্থিত হয়ে ক্ষতিগ্রস্থ জেলা গুলোর পরিস্থিতির দ্রুত মূল্যায়ন আরম্ভ করেছে বলে শ্রী সনোয়াল জানান ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগষ্ট মাসের মধ্যে বন্যা প্রভাবিত লোকেদের পুনর্বাসন প্রক্রিয়া আরম্ভ করা হবে বলে জানান ।

---

উধারবন্দ বিধানসভা এলাকার পানগ্রামের কে ডি রড ইন্ডাস্ট্রিতে আজ সকালে এক ভয়াবহ এলপিজি সিলিন্ডার বিস্ফোরনে চারজন শ্রমিকের মৃত্যু হয়েছে ।এই দূর্ঘটনায় কয়েকজন শ্রমিক গুরুতর আহত হয়েছেন ।আহতদেরকে উদ্ধার করে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রেরণ করা হয়েছে ।নিহত শ্রমিকদের মধ্যে একজন আগরতলার বলে জানা গেছে । এদিকে দূর্ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয় ।প্রবীণ পুলিশ সুপার সঞ্জীব শইকিয়া , অতিরিক্ত পুলিশ সুপার সহ বিপুল সংখ্যক পুলিশ

বাহিনী ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে ।প্রাথমিক তথ্য অনুযায়ি কারখানার ভেতরে এলপিজি সিলিন্ডার বিস্ফোরণ ঘটার সঙ্গে সঙ্গেই ঘটনাস্থলে তিনজন শ্রমিকের মৃত্যু হয় । পরে গুরুতর আহত আরও একজন শ্রমিকের চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় ।হতাহতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে । এদিকে রাজ্যের খাদ্য ও গণবন্টন , সমবায় মন্ত্রী কৌশিক রাই , কাছাড়ের জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তা ঘটনা স্থলে পৌঁছান ।পরে সাংবাদিদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রী রাই জানান যে বিস্ফোরণের প্রকৃত কারণ এখনো জানা যায়নি ।বিস্ফোরণের সম্ভাব্য উৎস্যের তদন্ত অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে শ্রী রাই নিহত শ্রমিকদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে ঘোষণা করেন। মন্ত্রী শ্রী রাই জানান ---

# বাইট # [মন্ত্রী কৌশিক রাই]

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কাছাড়ের অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , উধারবন্দের বিধায়ক রাজদীপ গোয়ালা এই ঘটনার খোঁজ নিয়েছেন ।নিরাপত্তার স্বার্থে কারখানার প্রধান প্রবেশ দ্বার বন্ধ করে দেওয়া হয়েছে এবং পুরো এলাকায় কড়া পুলিশি নজরদারি অব্যাহত রয়েছে ।

..............................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নতুন হারেঙ্গাজাও রেল স্টেশনের সামনে রেল রুটে সমস্যা দেখা দেওয়ায় কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের যাত্রা পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল

থেকে জানানো হয়েছে যে সমস্যা সমাধানের কাজ যুদ্ধকালীন তৎপরতায় এগিয়ে চলছে । এ জন্য তিন নম্বর রেল রুটে অতি সর্তকতার মধ্য দিয়ে ট্রেন চালানো হলেও রাত সাতটা থেকে সকাল পাঁচটা পর্য্যন্ত যাত্রীবাহী ট্রেনের পরিষেবা বাতিল করা হয়েছে ।